DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে
সত্যের সাথে, সত্যের পথে
সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 09:58 PM

আন্তর্জাতিক

# উত্তরাখণ্ডে পানিবিদ্যুৎ প্রকল্পের সুড়ঙ্গ ধসে নিহত ৬

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ১৪ আগস্ট ২০২৬, ০৫:৫৩ PM



ভারতের উত্তরাখণ্ডের চামোলি জেলায় নির্মাণাধীন একটি পানিবিদ্যুৎ প্রকল্পের সুড়ঙ্গ ধসে ছয় শ্রমিক নিহত হয়েছেন। দুর্ঘটনার পর ১৪ শ্রমিককে জীবিত উদ্ধার করা হয়েছে। এখনো দুজন নিখোঁজ রয়েছেন।

বৃহস্পতিবার (১৩ আগস্ট) সন্ধ্যা ৭টার দিকে পিপালকোটির মায়াপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। ভূমিধসের কারণে সুড়ঙ্গের ভেতরে একটি গর্ত তৈরি হয়। এরপর হুড়মুড় করে পানি ও ধ্বংসাবশেষ ঢুকে পড়ে।

এতে সুড়ঙ্গের ভেতরে থাকা ২২ শ্রমিক আটকা পড়েন।

টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদনে বলা হয়েছে, অলকানন্দা নদীর তীরে নির্মাণাধীন বিষ্ণুগড়-পিপলকোটি পানিবিদ্যুৎ প্রকল্পের একটি সুড়ঙ্গে এ দুর্ঘটনা ঘটে। রাষ্ট্রায়ত্ত সংস্থা টিএইচডিসি ইন্ডিয়া প্রকল্পটি বাস্তবায়ন করছে।

জেলা প্রশাসনের ভাষ্য, দুর্ঘটনার সময় সুড়ঙ্গের ভেতরে প্রায় ২২ শ্রমিক কাজ করছিলেন। হঠাৎ প্রবল পানির স্রোত ও ভূমিধসের কারণে

সুড়ঙ্গের একটি অংশ ধসে পড়ে। এতে শ্রমিকেরা ভেতরে আটকা পড়েন।

খবর পেয়ে উদ্ধারকারী দল, পুলিশ ও প্রশাসনের কর্মকর্তারা ঘটনাস্থলে পৌঁছান। এরপর উদ্ধার অভিযান শুরু হয়। প্রশাসন জানিয়েছে, এখন পর্যন্ত ১৪ শ্রমিককে জীবিত উদ্ধার করা হয়েছে।


দুর্ঘটনার কারণ জানতে তদন্ত শুরু করেছে স্থানীয় প্রশাসন। নিখোঁজ দুজন শ্রমিকের সন্ধানে উদ্ধার অভিযানও চলছে।

---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই □নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে□ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**
ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**
ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



**হরমুজকে □মার্কিন ভূখণ্ড□ হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প**
ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



**ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট**

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/uttrakhnde-panibidjut-prklper-sudngg-dhse-niht-6